**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 27-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Dahod :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পাকিস্তানের একমাত্র লক্ষ্য হল ভারতের ক্ষতি করা, কিন্তু নতুন দিল্লির লক্ষ্য হল দারিদ্র্য দূরীকরণ এবং দেশের অর্থনীতির উন্নয়ন। গুজরাটের দাহোদে একটি জনসভায় তিনি বলেন ভারত তখনই উন্নতি করবে যখন দেশের সশস্ত্র বাহিনী শক্তিশালী হবে এবং অর্থনীতি মজবুত হবে। সরকার বিকশিত ভারতের লক্ষ্যে কাজ করছে বলে শ্রী মোদী জানান। তিনি বলেন, 'অপারেশন সিন্দুর' শুধুমাত্র একটি সামরিক অভিযান নয়, বরং এটি হল গোটা দেশের অনুভূতির বহিঃপ্রকাশ। জঙ্গীরা ১৪০ কোটি দেশবাসীকে চ্যালেঞ্জ জানিয়েছিল, তার উত্তরে মোদী সরকার তিন বাহিনীকে জঙ্গী ঘাঁটিগুলি ধ্বংস করার মুক্তহস্তে অধিকার দিয়েছে।

######### Byte PM Modi #########

জনসভায় যোগ দেওয়ার আগে প্রধানমন্ত্রী ভদোদরায় ২৪ হাজার কোটি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। ভুজ-এও ৫৩ হাজার কোটি টাকার ৩৩টি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন তিনি।

*************************

**Covid :**

আইসিএমআর (Indian Council of Medical Research)-এর ডিজি ডঃ রাজীব বাহল জানিয়েছেন কোভিডের নতুন প্রজাতি নিয়ে ভয়ের কোনও কারণ নেই। তিনি বলেছেন, কোভিড-১৯ এর এই নতুন প্রজাতি নিয়ে জনসাধারণের উদ্বিগ্ন হওয়ার দরকার নেই। শুধু সতর্ক থাকতে হবে। তিনি বলেন প্রাথমিক সতর্কতা অবলম্বন করা উচিত। আমরা এখনই বর্ধিত

সতর্কতার কথা বলছি না। তবে যদি কেউ ক্যান্সার রোগী হন অথবা তার রোগ প্রতিরোধ ক্ষমতার সমস্যা থাকে, তাহলে সাধারণত তাঁদের সতর্কতা অবলম্বন করা প্রয়োজন।

*****************************

**PM-11 Years :**

প্রধানমন্ত্রী হিসেবে গতকাল ১১ বছর পূর্ণ করলেন নরেন্দ্র মোদী। ২০১৪ সালে এই দিনেই দেশের ১৪ তম প্রধানমন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেছিলেন শ্রী মোদী। কোটি কোটি ভারতীয়র স্বপ্ন এবং আকাঙ্খা পূরণে একাধিক উন্নয়নমূলক পদক্ষেপ নিয়েছেন প্রধানমন্ত্রী। সবকা সাথ সবকা বিকাশ, সবকা বিশ্বাস এবং সবকা প্রয়াস, এই মন্ত্রকে পাথেয় করে ১১ বছর ধরে কাজ করছে মোদী সরকার।

****************************

**Woman's college :**

গতকাল আগরতলা মহিলা মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিটের ছাত্রীরা শহরের দূর্গাবাড়ী সংলগ্ন এলাকায় এক স্বচ্ছতা অভিযান কর্মসূচি ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন। এই অভিযান কর্মসূচি আগামী দিনে জারি থাকবে বলে জানিয়েছেন এনএসএস প্রোগ্রাম অফিসার রমা ভট্টাচার্য।

*****************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন বিজেপি মহিলা মোর্চার মাধ্যমে রাজ্যের প্রতিটি মহিলার কাছে সরকারি বিভিন্ন প্রকল্পের সুযোগ-সুবিধা পৌঁছে দিতে হবে। গতকাল চাকমাঘাট বিজেপি মন্ডল কার্যালয় প্রাঙ্গণে কৃষ্ণপুর মন্ডলের মহিলা ও যুব মোর্চার নতুন কার্যালয়ের উদ্বোধন করে তিনি বলেন মহিলাদের আত্মনির্ভর করে তুলতে সদস্যাদের আরও সক্রিয় ও সচেতনভাবে কাজ করতে হবে।

*****************************

**Health Camp :**

বিলোনিয়ার রামঠাকুর সেবা মন্দিরের ৭৫তম বাৎসরিক উৎসব উপলক্ষে গতকাল এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মেডিসিন, চক্ষু, সার্জারী, স্ত্রীরোগ, দন্ত, অস্থিরোগ ও শিশুরোগ বিভাগের বিশেষজ্ঞরা ৭০৭ জন রোগীকে চিকিৎসার পর বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

***************************

**Sahitya Utsab :**

গতকাল শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে দেবদীপ সাহিত্য উৎসবের সূচনা করেন সাব্রুম মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত। উৎসবে দেবদীপ সাহিত্য পত্রের সপ্তম সংখ্যার মলাট উন্মোচন, কবি নজরুলের জন্মদিন পালন, গুনীজন সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

***************************

**CPIM-Blood Donation :**

সিপিএমের খোয়াই জেলা কার্যালয়ে SFI খোয়াই বিভাগীয় কমিটির উদ্যোগে গতকাল এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**Football :**

টিএফএ পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ভারতরত্ন সংঘ বড় ব্যবধানে জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে ভারতরত্ন সংঘ ১২-০ গোলে আমরা ক'জনাকে পরাজিত করে। বিজয়ী দলের কেলভিন ডার্লং ও চিরঞ্জয় রিয়াং হ্যাটট্রিক করেন।

*************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে ত্রিপুরা সহ মিজোরাম, মণিপুর, নাগাল্যান্ড, অরুণাচল প্রদেশে গতকাল আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করেছে। এই সঙ্গে আসাম ও মেঘালয়ের কিছু অংশেও বর্ষা প্রবেশ করেছে। আগামী তিনদিনের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের সমস্ত রাজ্য, পশ্চিমবঙ্গের হিমালয় উপত্যকা ও সিকিমে আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করবে। আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা করেছে। আজ তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************